

স্নাতকোত্তর পাঠক্রম (P.G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) : জুন, ২০২২ / ডিসেম্বর, ২০২২

বাংলা (Bengali)

চতুর্থ পত্র (4th Paper : UPANYAS O CHHOTO GALPO)

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সুচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting.

The figures in the margin indicate full marks.

১. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : $18 \times 2 = 36$
- ক) সবাই কাল ... বলিতেছিল — বাবুজী, আপনার কাজ দেখে আমরা পর্যন্ত অবাক হয়ে গিয়েছি, নাটা লবটুলিয়া কি ছিল আর কি হয়েছে ! কথাটা আমিও ভাবিতে ভাবিতে চলিয়াছি। নাটা লবটুলিয়া কি ছিল আর কি হইয়াছে !’ — একই পঙ্ক্তি কীভাবে দুই বিপ্রতীপ অবস্থানে লবটুলিয়াবাসী মানুষ এবং সত্যচরণের চিন্তনে উদ্ভাসিত হয়েছে, ‘আরণ্যক’ উপন্যাস অবলম্বনে আলোচনা করুন।
- খ) ‘হালদারগোষ্ঠী’ গোষ্ঠীচেতনা থেকে ব্যক্তিচেতনার স্বাতন্ত্র্যে উত্তরণের গল্প — মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে যুক্তি সাজান।
- গ) ‘হিন্দুদিগের বাহুবলই আমার প্রতিপাদ্য। উদাহরণস্বরূপ আমি রাজসিংহকে লইয়াছি।’ — বঙ্কিমচন্দ্রের এই উক্তির আলোকে ‘রাজসিংহ’ উপন্যাস আলোচনা করুন।
- ঘ) ‘চতুরঙ্গ’ উপন্যাসের চতুঃ অঙ্গ’ বলতে কী বোঝানো হয়েছে ? জ্যাঠামশায়ের আদর্শলালিত শচীশ, জ্যাঠামশায়ের মৃত্যুর পরেও, তাঁর প্রভাব থেকে মুক্ত হতে পেরেছিলেন কিনা, যুক্তিসহ আলোচনা করুন।
২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : $12 \times 3 = 36$
- ক) ‘আমি বলিলাম, লোকটা আমাদিগকে বোকার মত দেখিয়া কৌতুক করিয়া ঠকাইয়া গেল ; গল্পটা আগাগোড়া বানানো।’ — ‘ক্ষুধিত পাষণ’ গল্পের কথক কি সত্যিই মনে করেছিলেন ‘গল্পটা আগাগোড়া বানানো’ ? যুক্তিসহ আলোচনা করুন।

- খ) 'স্টোভ'-এর প্রতীকে প্রেমেন্দ্র মিত্র কীভাবে বাসন্তী-শশিভূষণ-মল্লিকার আঁতের টেনশনকে জীবন্ত করে তুলেছেন ?
- গ) 'ইহাতে জটিল মনোবিজ্ঞান নাই।' — প্রসঙ্গসহ তাৎপর্য বিশ্লেষণ করুন ।
- ঘ) 'অন্তহীন বিস্ময়ে তিনজনেই চুপ।' — সর্বজ্ঞকথক কাদের 'বিস্ময়'কে কেন 'অন্তহীন' বিশেষণে বিশেষিত করেছেন, শহীদের মা' অবলম্বনে আলোচনা করুন ।
- ঙ) 'এ দেশে ইতিহাস নাই, কাজেই রাজসিংহকে কেহ চেনে না।' — কার উক্তি ? তিনি কোথায় এই মন্তব্য করেছেন ? তাঁর এই মন্তব্যের কারণ ব্যাখ্যা করুন ।

১ + ১ + ১০

- চ) 'আমার সঙ্গে দামিনীর বিবাহ হইয়াছে — এই বিবাহের রহস্য কী তা সকলে বুঝিবে না, বোঝা প্রয়োজনও নাই।' — শ্রীবিলাস-দামিনীর বিবাহ কেন সকলের বোধের অতীত বলে ঔপন্যাসিক মনে করেছেন, যুক্তিসহ আলোচনা করুন ।

৩. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : $৭ \times ৪ = ২৮$

- ক) 'সে সব যেন বিস্মৃত অতীত এক জীবন-স্বপ্ন !' — উক্তিটির প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করুন ।
- খ) '... একটা অনির্দেশ্য অস্পষ্ট ইচ্ছায় আমার মনের আকাশ ধীরে-ধীরে আবিল হইয়া উঠিতে লাগিল।' — 'আবিল' শব্দের অর্থ কী ? 'অনির্দেশ্য অস্পষ্ট ইচ্ছা'টি কী ছিল ? $১ + ৬$
- গ) সরকারের কাছে "বন্যাগ্রস্ত" ঘোষিত না হওয়া অবধি বেলেটি কোনো অস্তিত্ব নয়।' — কোন্ নৃশংস করণ বাস্তবের প্রেক্ষাপটে এই মন্তব্য, আলোচনা করুন ।
- ঘ) চুপ ক'রে রইল মোতালেফ । আর কিছু বলা হল না।' — মোতালেফের আকস্মিক নীরবতার কারণটি নির্দেশ করুন ।
- ঙ) 'শ্রীশ্রীসিদ্ধেশ্বরী লিমিটেড' গল্পে মানুষের মূল্যবোধের অবক্ষয় কীভাবে চিত্রিত হয়েছে, আলোচনা করুন ।
- চ) '... সর্বনাশী রূপ সে, সকলের পক্ষে তার টাল সামলানো বড় কঠিন।' — কার কোন্ 'সর্বনাশী রূপ'-এর কথা এখানে বলা হয়েছে ? $১ + ৬$
- ছ) 'এবার সে একটু বাঁচিবার চেষ্টা করিবে । চিরটাকাল সহমরণে যাইবে না।' — 'সে' কে ? তার এহেন মানসিকতার কারণ বিশ্লেষণ করুন । $১ + ৬$
- জ) 'এই জলরাশির মাঝখানটায় শুষ্ক প্রাণহীন মাদারের ভিটা যেন প্রকৃতির একটা অনিয়ম !' — প্রকৃতির সেই 'অনিয়ম'-এর সাদৃশ্যে হারু ও বদন ডোমের অস্বাভাবিক জীবনযাপন লেখক কীভাবে চিত্রিত করেছেন, সংক্ষেপে আলোচনা করুন ।